



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

১৯ অগ্রহায়ণ ১৪৩১

তারিখ: _____

০৪ ডিসেম্বর ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত

‘অর্থনৈতিক শুমারি ২০২৪’ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর ১১ নভেম্বর ২০২৪ তারিখের স্মারক নম্বর- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০১৪.২৪-৩০০৭ অনুযায়ী বিবিএস কর্তৃক ২০২৪ সালে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ শুমারি হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত দেশের অর্থনৈতিক অবস্থার বিস্তারিত চিত্র তুলে ধরবে, যা নতুন বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

- ২। এ বিষয়ে উল্লেখ্য যে, ‘অর্থনৈতিক শুমারি ২০২৪’ এর তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ১০-২৬ ডিসেম্বর, ২০২৪ মেয়াদে দেশব্যাপী অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। জাতীয় এ গুরুত্বপূর্ণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সর্বাঙ্গিক সহযোগিতা একান্ত আবশ্যিক।
- ৩। এমতাবস্থায়, ‘অর্থনৈতিক শুমারি ২০২৪’ সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে উক্ত কার্যক্রমে তথ্য প্রদানসহ শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।
- ৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২) (ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।